# যায়যায়দিন

তারিখ 26 FEB 2009
পৃষ্ঠা ১৫ কলাম ৭

### সংসদে শিক্ষামন্ত্রী

## শিক্ষা খাতে অনিয়ম তদন্ত করা হবে

যাযাদি রিপোর্ট

বিএনপি-জামায়াত জোট সরকারের সময় শিক্ষা খাতে যেসব বড় ধরনের অনিয়ম ও দুর্নীতি হয়েছে তা তদন্ত করবে সরকার। গতকাল এক সম্পূরক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সংসদকে জানান, বড় বড় দুর্নীতি ও অনিয়ম তদন্তে সরকার উচ্চ পর্যায়ের কমিটি গঠন করবে। পরে এ তদন্ত রিপোর্ট সরকার জনসমক্ষে প্রকাশ করবে। একই সঙ্গে মন্ত্রী জানান, ছোটখাট দুর্নীতির বিষয়গুলোও সরকারের দৃষ্টিগোচর হলে খতিয়ে দেখা হবে।

সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী আরো বলেন, বাংলাদেশে বর্তমানে ২০ হাজার ১০৭টি রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ৭৯ হাজার ৮৫ জন। এক প্রশ্নের জবাবে তিনি জানান, দেশে

প ১৫ ›› ক ৩

## শিক্ষা খাতে অনিয়ম

(শেষ পৃষ্ঠার পর)

রেজিস্ট্রেশন পাওয়া এবতেদায়ি মদ্রাসাগুলোকে রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের মতো বেতন-ভাতা দেয়ার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

এদিকে গণপূর্ত প্রতিমন্ত্রী অ্যাডভোকেট আবদুল মান্নান সংসদকে জানান, রাজউকের আওতাধীন পূর্বাচল নতুন শহর ও উত্তরা (তৃতীয় পর্ব) প্রকল্পে আবেদনপত্র জমাদানের সময়সীমা এপ্রিল শেষ হওয়ার পরবর্তী মাসের মধ্যে প্লট বরাদ্দ [illegible] হবে।